

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
 পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।  
এপিএ শাখা।

**বিষয় :** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২১-২০২২ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্য ‘নেতৃত্বক্তা কমিটি’র সভার কার্যবিবরণী।

সভাপতি	: মো: মশিউর রহমান এনডিসি সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
সভার তারিখ ও সময়	: ১৪/০৯/২০২১ দুপুর ২.৪৫ মি।
সভার স্থান	: সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ/জুম প্ল্যাটফর্ম।

উক্ত সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা ‘পরিশিষ্ট-‘ক’।

**সভার আলোচনা:**

সভায় উপস্থিত নেতৃত্বক্তা কমিটির সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল অনুবিভাগের কার্যক্রমে শুদ্ধাচার নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন। তিনি জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশলের মূল লক্ষ্য হলো, শুদ্ধাচার চৰ্চা ও দৃঢ়ীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা এবং সোনার বাংলা গড়ার প্রত্যয়ে প্রগতি কৌশলে নেতৃত্বক্তা ও সততা দ্বারা প্রভাবিত আচরনের উৎকর্ষ সাধন করা।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের এনআইএস-টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। আলোচ্যসূচির বিষয়সমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করা হয় এবং বিস্তারিত আলোচনা শেষে নিয়ন্ত্রিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
০১.	শুদ্ধাচার বাস্তবায়নে সর্বপ্রথম আমাদের মানসিক অবস্থার পরিবর্তন জরুরী। কর্মক্ষেত্রে শুদ্ধাচার বাস্তবায়নের ক্ষেত্রে আমাদের নিয়মিত অফিসে উপস্থিতি ও অফিস সময়ে যথাযথভাবে নিজ দায়িত্ব পালন ও অফিসে নির্ধারিত সময়ে অবস্থান নিশ্চিত করতে হবে।	সকল অনুবিভাগ প্রধানগণ অধিনস্থ শাখা, অধিশাখার কর্মকর্তা/কর্মচারীদের অফিসে নিয়মিত উপস্থিতি ও তাদের স্ব-স্ব কার্যক্রম বাস্তবায়নের বিষয়টি নিশ্চিত করবেন।
০২.	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে স্বাস্থ্যবিধি অনুসরণ করে টিওএন্ডই-ভুক্ত অকেজো মালামাল বিনষ্ট/নথি বিনষ্টকরণ, পরিষ্কার-পরিচ্ছন্নতার সার্বিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা কর্মকর্তা।
০৩.	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে স্বাস্থ্যবিধি অনুসরণ করে টিওএন্ডই-ভুক্ত অকেজো মালামাল বিনষ্ট/নথি বিনষ্টকরণ, পরিষ্কার-পরিচ্ছন্নতার সার্বিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	অতিঃ সচিব (প্রশাসন ও বাজেট)
০৪.	২০২১-২০২২ অর্থ বৎসরে ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ইতোমধ্যে ওয়েব সাইটে প্রকাশিত হয়েছে। ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।	অতিঃ সচিব (প্রশাসন ও বাজেট) ও অতিঃ সচিব (পরিঃ ও উন্নঃ)
০৫.	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২১-২০২২ এর ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	এনআইএস-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
০৬.	প্রকল্প সমূহের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ ও গতিশীলতা আনয়নের জন্য চলমান প্রকল্প সমূহের ডিপিপি অনুযায়ী PSC (পিএসসি) সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিঃ সচিব (পরিঃ ও উন্নঃ)
০৭.	বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথ ও সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে।	অতিঃ সচিব (পরিঃ ও উন্নঃ) ও সিস্টেম এনালিস্ট।

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
০৮.	২০২০-২০২১ অর্থ বছরে সমাপ্ত প্রকল্পের সম্পদ হস্তান্তরের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	অতিঃ সচিব (পরিঃ ও উন্নঃ)

০১। পরিশেষে, আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ব্যক্তিগত জীবনে এবং কর্মক্ষেত্রে শুঙ্খাচার অনুশীলনের দিক-নির্দেশনা দিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: মশিউর রহমান এনডিসি)

সচিব

পাল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২৫/১২/২০২৩